গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯০/২০১৯-২০২০

ঢাকা, ২৭ অক্টোবর রোববার ২০১৯, ১১ কার্তিক ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বাকু ঘোষণার মধ্যে দিয়ে শেষ হলো ১৮তম ন্যাম সম্মেলন
২য় ও শেষ দিনের অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগদান

২। ঢাকা-বাকু দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে সম্মত :
আজারবাইজানের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক

৩। বাংলাদেশ ও নেপালের মধ্যে বাণিজ্য চুক্তি বাস্তবায়নে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ

৪। বঙ্গবন্ধুর নামে সড়ক হচ্ছে হেবরনে : বাকুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাতে ফিলিস্তিন পররাষ্ট্রমন্ত্রী

৫। অপরাধীদের বিরুদ্ধে আইন তার নিজস্ব গতিতে চলবে : বাকুতে প্রবাসী বাংলাদেশিদের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী

৬। আজারবাইজানের শহিদদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

৭। প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী দেশে ফিরছেন আজ

৮। অপকর্মে জড়িতদের ক্ষমা করবেন না প্রধানমন্ত্রী : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

৯। কোনো দুর্নীতিবাজ চলমান শুদ্ধি অভিযান থেকে রক্ষা পাবে না : সেতুমন্ত্রী

১০। গুজব প্রতিরোধে কাজ করতে পুলিশ সদস্যদের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর নির্দেশ

১১। শিক্ষার্থীদের মূল্যবোধের বিকাশ ঘটাতে হবে : তথ্যমন্ত্রী

১২। আগামী মাসে লন্ডন স্টক এক্সচেঞ্জে বাংলা টাকার বন্ড চালু হচ্ছে : লন্ডনে আলোচনাসভায় অর্থমন্ত্রী

১৩। প্রতি উপজেলা থেকে এক হাজার কর্মী বিদেশে পাঠানো হবে : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী

১৪। ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি সোনার বাংলা প্রতিষ্ঠার হাতিয়ার : ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী

চলমান পাতা-২

**১।　　বাকু ঘোষণার মধ্যে দিয়ে শেষ হলো ১৮তম ন্যাম সম্মেলন**
**২য় ও শেষ দিনের অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৬ অক্টোবর শনিবার) আজারবাইজানের রাজধানীতে বাকু কংগ্রেস সেন্টারে ১৮তম ন্যাম সম্মেলনের দ্বিতীয় দিনে সাধারণ অধিবেশনে যোগ দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সম্মেলনে যোগদানকারী অন্যান্য দেশের নেতৃবৃন্দ এদিন বিকেলে অনুষ্ঠেয় দুই দিনব্যাপী সম্মেলনের সমাপনী অধিবেশনেও যোগ দেন। বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধান এবং অংশগ্রহণকারী দেশের প্রতিনিধিবৃন্দ এ শীর্ষ সম্মেলনে বাকু ঘোষণা গ্রহণ করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**২।　　ঢাকা-বাকু দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে সম্মত :**
**আজারবাইজানের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক**

বাংলাদেশ এবং আজারবাইজান দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদারে সম্মত হয়েছে। প্রেসিডেন্সিয়াল প্যালেসে আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম এলিয়েভ এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে গতকাল (২৬ অক্টোবর শনিবার) অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠক শেষে আজারবাইজানের দায়িত্বপ্রাপ্ত তুরস্কে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. আল্লামা সিদ্দিকি সাংবাদিকদের একথা বলেন। শেখ হাসিনা বাংলাদেশের রোহিঙ্গা ইস্যুতে নৈতিক এবং বৈষয়িক সহযোগিতা প্রদানের জন্য আজারবাইজানের প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান। দু'নেতাই আশাবাদ ব্যক্ত করেন, আগামীতে আজারবাইজানে বাংলাদেশের জনশক্তি রপ্তানির ক্ষেত্রটি আরো প্রসারিত হবে। এলিয়েভ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বিভিন্ন খাতে বাংলাদেশের সাফল্যের ভূয়সী প্রশংসা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজারবাইজানের প্রেসিডেন্টকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানালে এলিয়েভ তা আন্তরিকতার সঙ্গে গ্রহণ করেন। বৈঠক শেষে দু'দেশের মধ্যে সাংস্কৃতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**৩।　　বাংলাদেশ ও নেপালের মধ্যে বাণিজ্য চুক্তি বাস্তবায়নে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ এবং নেপালের মধ্যে ব্যবসা-বাণিজ্য জোরদারের অংশ হিসেবে প্রিফারেন্সিয়াল ট্রেড এগ্রিমেন্ট (পিটিএ) দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, পিটিএ দ্রুত বাস্তবায়ন করা গেলে দুই দেশ ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে ব্যাপক সুবিধা লাভ করবে। বাকু কংগ্রেস সেন্টারে গতকাল (২৬ অক্টোবর শনিবার) নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলীর সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। বৈঠকের পর পররাষ্ট্র সচিব শহীদুল হক সাংবাদিকদের ব্রিফ করেন। বেঠকে দুই প্রধানমন্ত্রী যোগাযোগ, বন্দর সুবিধা এবং ব্যবসা-বাণিজ্য প্রসারে বিবিআইএন (বাংলাদেশ, ভুটান, ভারত এবং নেপাল) জোরদার করার বিষয়ে আলোচনা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৬,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৪।　　বঙ্গবন্ধুর নামে সড়ক হচ্ছে হেবরনে : বাকুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাতে ফিলিস্তিন পররাষ্ট্রমন্ত্রী**

ফিলিস্তিনিরা তাদের হেবরন শহরের একটি সড়ক বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নামকরণ করার সিদ্ধান্ত নিয়েছে। ফিলিস্তিনের পররাষ্ট্রমন্ত্রী রিয়াদ আল মালকি গতকাল (২৬ অক্টোবর শনিবার) ১৮তম ন্যাম শীর্ষ সম্মেলনের ফাঁকে আজারবাইজানের রাজধানীতে বাকু কংগ্রেস সেন্টারে দ্বিপক্ষীয় বুথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎকালে একথা বলেন। তিনি এ সড়কের নামফলক উন্মোচনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফিলিস্তিন সফরের আমন্ত্রণ জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৫।　　অপরাধীদের বিরুদ্ধে আইন তার নিজস্ব গতিতে চলবে : বাকুতে প্রবাসী বাংলাদেশিদের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অন্যায়কারীদের বিরুদ্ধে পুনরায় হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, যারা অপরাধ করবে তাদের বিরুদ্ধে আইন তার নিজস্ব গতিতেই চলবে। সে যেই হোক এবং যে দলই করুক না কেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৬ অক্টোবর শনিবার) স্থানীয় হিলটন হোটেলে আজারবাইজানে বসবাসকারী প্রবাসী বাংলাদেশিদের সাক্ষাতকালে একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আপনারা দেখেছেন যদি আমাদের দলের কেউও অপরাধে জড়িত হয়, সে তৎক্ষণাৎ শাস্তি ভোগ করছে। অপরাধীরা অপরাধীই, আমরা অপরাধীদের অপরাধী হিসেবেই দেখব। অন্যকে শিক্ষা দেয়াটা নিজের ঘর থেকেই শুরু করা উচিত উল্লেখ করে তিনি বলেন, 'আমি সেটাই করছি (দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ) এবং আমি এটি অব্যাহত রাখব। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**৬।	আজারবাইজানের শহিদদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৬ অক্টোবর শনিবার) আজারবাইজানের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। প্রধানমন্ত্রী বিকেলে শহিদদের স্মৃতির উদ্দেশ্যে নির্মিত স্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণের পর শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ ও পররাষ্ট্র সচিব মো. শহীদুল হকসহ প্রধানমন্ত্রীর অন্য সফর সঙ্গীরা এ সময় সেখানে উপস্থিত ছিলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৬,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪)।

**৭।	প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী দেশে ফিরছেন আজ**

প্রেসিডেন্ট মোঃ আবদুল হামিদ জাপান ও সিঙ্গাপুরে আট দিনের সফর এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা **১৮**তম ন্যাম সম্মেলন শেষে আজ (২৭ অক্টোবর রোববার) দেশে ফিরছেন। প্রেসিডেন্ট এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারি সিঙ্গাপুর এয়ারলাইন্স লিমিটেডের একটি নিয়মিত ফ্লাইট আজ রাতে **১০** টা **৪০** মিনিটে হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দরে অবতরণ করবে। আজ স্থানীয় সময় সকাল **১১**টায় ঢাকা'র উদ্দেশ্যে আজারবাইজান ত্যাগ করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানটি সন্ধ্যা সাড়ে ৭টায় ঢাকায় অবতরণের কথা রয়েছে। সূত্র : **ইনকিলাব** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.**১**,ক.৭), **অবজারভার** (পৃ.৩,ক.**১**)।

**৮।	অপকর্মে জড়িতদের ক্ষমা করবেন না প্রধানমন্ত্রী : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আ ক ম মোজাম্মেল হক এমপি বলেছেন, যারা দুর্নীতি ও অনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের কাউকে ক্ষমা করবেন না। যারা বিপথগামী হয়েছে তিনি তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়েছেন। এমনকি ছাত্রলীগ, যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের যারা অপকর্মের সঙ্গে জড়িত তিনি তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে কার্পণ্য করছেন না। এটা যেমন নিজের দলের প্রতি মেসেজ, তেমনি অন্যদের জন্যও। কমিউনিটি পুলিশিং ডে উদযাপন উপলক্ষে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের উদ্যোগে চন্দনা উচ্চবিদ্যালয় ও কলেজ প্রাঙ্গণে গতকাল (২৬ অক্টোবর শনিবার) এক আলোচনাসভায় মন্ত্রী এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.**১**৫,ক.৫)।

**৯।	কোনো দুর্নীতিবাজ চলমান শুদ্ধি অভিযান থেকে রক্ষা পাবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুর্নীতিবিরোধী অভিযান শুরু হয়ে গেছে। এ অভিযান থেকে দুর্নীতিবাজ কেউ রক্ষা পাবে না। গতকাল (২৬ অক্টোবর শনিবার) ফেনী সরকারি পাইলট হাইস্কুল মাঠে জেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেতুমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৎ সাহস আছে বিধায় নিজ ঘর থেকে দুর্নীতিবিরোধী অভিযান শুরু হয়েছে এবং একে একে দুর্নীতির সঙ্গে জড়িত রাঘব বোয়ালদের ধরা শুরু হয়েছে। এ শুদ্ধি অভিযান অব্যাহত থাকবে। সূত্র : **ইত্তেফাক** ( শেষ পৃ.,ক.**১**), **অবজারভার** (পৃ.২,ক.**১**)।

**১০।	গুজব প্রতিরোধে কাজ করতে পুলিশ সদস্যদের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর নির্দেশ**

জনগণ যেন গুজবে বিভ্রান্ত না হয়, সেদিকে লক্ষ্য রেখেই কমিউনিটি পুলিশ সদস্যদের কাজ করার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি জানান, যে কোনো তথ্য জানার সঙ্গে সঙ্গে তা যাচাই করে দেখুন। গতকাল (২৬ অক্টোবর শনিবার) সকালে রাজারবাগ পুলিশ অডিটরিয়ামে 'কমিউনিটি পুলিশিং ডে-**১৯**' উপলক্ষে এক সমাবেশে তিনি এসব কথা জানান। কমিউনিটি পুলিশের উদ্দেশে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, প্রতিদিন দেশে কোনো না কোন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। কিন্তু আপনাদের সহযোগিতায় সেসব চ্যালেঞ্জ একের পর এক মোকাবিলা করা হচ্ছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.**১**,ক.৩), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**১১।	শিক্ষার্থীদের মূল্যবোধের বিকাশ ঘটাতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের মাঝে দেশাত্মবোধ, মূল্যবোধ ও মমত্ববোধ জাগ্রত করা ওপর গুরুত্বারোপ করে বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে নৈতিকতার ওপর ক্লাস নেয়া প্রয়োজন। শিক্ষার্থীদের স্বপ্ন বাস্তবায়নের প্রতিজ্ঞ করতে হবে। লেখাপড়ার পাশাপাশি তাদের দেশাত্মবোধে জাগ্রত করতে হবে। মেধা বিকাশ ও মূল্যবোধের বিকাশ ঘটাতে হবে। গতকাল (২৬ অক্টোবর শনিবার) চট্টগ্রামের রাঙ্গুনিয়া আদর্শ বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.**১**৫,ক.৫), **সংবাদ** ( পৃ.**১**৫,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১২।	আগামী মাসে লন্ডন স্টক এক্সচেঞ্জে বাংলা টাকার বন্ড চালু হচ্ছে : লন্ডনে আলোচনাসভায় অর্থমন্ত্রী**

প্রবাসীরা দেশে বিনিয়োগ করলে সব ধরনের সুযোগ-সুবিধা দেয়া হবে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, এ কারণে বৈধপথে রেমিটেন্স বাড়াতে বর্তমান সরকার ২ শতাংশ হারে প্রণোদনা দিচ্ছে। শুধু তাই নয়, বিভিন্ন বন্ডের মাধ্যমে প্রবাসীরা বিনিয়োগ করতে পারেন। এলক্ষ্যে আগামী মাসে লন্ডন স্টক এক্সচেঞ্জে বাংলা টাকার বন্ড চালু করা হচ্ছে, যা প্রবাসীদের বিনিয়োগের একটি বড় ধরনের সুযোগ সৃষ্টি করবে। গত ২৪ অক্টোবর বৃহস্পতিবার লন্ডনে বাংলাদেশ হাইকমিশন আয়োজিত 'রেমিটেন্সে প্রণোদনা : প্রধানমন্ত্রী শেখ হাসিনার যুগান্তকারী পদক্ষেপ' শীর্ষক আলোচনাসভায় অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.**১**,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.**১**)।

**১৩। প্রতি উপজেলা থেকে এক হাজার কর্মী বিদেশে পাঠানো হবে : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ বলেছেন, দেশের প্রত্যেক উপজেলা থেকে এক হাজার করে কর্মী বিদেশে পাঠানো হবে। গতকাল (২৬ অক্টোবর শনিবার) সিলেটে মহানগরী পুলিশ লাইন্সসের বীর মুক্তিযোদ্ধা শহিদ এস এম শামসুল হক মিলনায়তনে কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**১৪। ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি সোনার বাংলা প্রতিষ্ঠার হাতিয়ার : ডাক ও টেলিযোগযোগ মন্ত্রী**

ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি সোনার বাংলা প্রতিষ্ঠার হাতিয়ার, ২০৪১ সালের মধ্যে জ্ঞানভিত্তিক সমাজ নির্মাণের লক্ষ্য বাস্তবায়নের অঙ্গীকার। চতুর্থ শিল্প বিপ্লবের দিকে তাকিয়ে নয় বরং ২০১৬ সালে চতুর্থ শিল্প বিপ্লবের ধারণাটি প্রতিষ্ঠা লাভের বহু আগে ২০০৮ সালে ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি ঘোষিত হয়। ২০০৯ থেকে ২০১৯ সাল পর্যন্ত এ কর্মসূচি সারা দুনিয়াকে চমকে দিয়েছে। গতকাল (২৬ অক্টোবর শনিবার) ঢাকায় আইডিইবি মিলনায়তনে বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লি. (বিএসসিসিএল) আয়োজিত চতুর্থ শিল্প বিপ্লব ও আমাদের প্রস্তুতি শীর্ষক সেমিনারে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ভোরের কাগজ :** রাজধানীতে সিএনজি অটোরিকশাগুলো মিটারে না চালিয়ে চালকরা চুক্তিভিত্তিক চালায় উল্লেখ করে সিএনজি নিয়ে এ নৈরাজ্য বন্ধে মালিক, চালক, ট্রাফিক পুলিশ ও কর্তৃপক্ষকে সমন্বয়ের মাধ্যমে শৃঙ্খলা ফিরিয়ে আনার সুপারিশ।

খ. **যুগান্তর, যায়যায়দিন, সমকাল, ইন্ডিপেনডেন্ট :** বগুড়ার কাহালুতে পায়ুপথে বাতাস ঢুকিয়ে ১২ বছরের এক শিশু হত্যার কথা উল্লেখ করে এ ধরনের নৃশংস ঘটনার পুনরাবৃত্তি রোধে আইনের কঠোর প্রয়োগের পাশাপাশি এ ধরনের বিকারগ্রস্ততার কারণ অনুসন্ধানে সমাজ বিজ্ঞানী ও মনস্তত্ত্ববিদদের গবেষণার আহ্বান।

গ. **বণিক বার্তা :** বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয়ই বিশ্বের প্রথম সারির বিশ্ববিদ্যালয়ের তালিকায় অন্তর্ভুক্ত না হওয়ার পেছনের কারণ হিসেবে শিক্ষকদের শিক্ষা ও গবেষণার প্রতি মনোযোগী না হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার পরামর্শ।

ঘ. **ইনকিলাব :** রাজধানীর ওপর জনসংখ্যার চাপ কমাতে দেশের অন্য বিভাগীয় শহর ও জেলা শহরগুলোতে বসবাসরতদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা বৃদ্ধি করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন, যুগান্তর :** আজারবাইজানে জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) ১৮তম শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক সম্প্রদায়কে আবারও রোহিঙ্গা সংকট সমাধানে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন উল্লেখ করে তার এ আহ্বান তাৎপর্যপূর্ণ ও সময়োপযোগী বলে মন্তব্য।

চ. **নিউ এজ :** দেশে ক্যান্সার রোগীর সংখ্যা বাড়ছে উল্লেখ করে ক্যান্সার চিকিৎসার অপ্রতুলতা দূর করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘প্রয়োজন জনসচেনতা’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, সকলের সম্মিলিত প্রচেষ্টাই পারে জাতীয় সম্পদ ইলিশকে বিপন্ন হওয়া থেকে রক্ষা করে দেশের গৌরব অক্ষুণ্ন রাখতে।

#

মরজিনা/সেলিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা